

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৮৭২

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ৬৮. খারাপ নাম পরিবর্তন করে ভাল নাম রাখা সম্পর্কে।

باب فِي تَغْيِيرِ الْأَسْمِ الْقَبِيحِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ مَعْمَرٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيَّبِ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ لَهُ " مَا اسْمُكَ " . قَالَ حَزْنٌ . قَالَ " أَنْتَ سَهْلٌ " . قَالَ لَا السَّهْلُ يُوطَأُ وَيُمْتَهَنُ . قَالَ سَعِيدٌ فَظَنَنْتُ أَنَّهُ سَيُصَيِّبُنَا بَعْدَهُ حُزُونَةٌ . قَالَ أَبُو دَاوُدَ وَغَيَّرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اسْمَ الْعَاصِ وَعَزِيزٍ وَعَتَلَةَ وَشَيْطَانَ وَالْحَكَمَ وَغُرَابٍ وَحُبَابٍ وَشَهَابٍ فَسَمَّاهُ هِشَامًا وَسَمَّى حَرْبًا سَلْمًا وَسَمَّى الْمُضْطَجَعَ الْمُنْبَعِثَ وَأَرْضًا تُسَمَّى عَفْرَةَ سَمَّاهَا خَضِرَةَ وَشِعْبَ الضَّلَالَةِ سَمَّاهُ شِعْبَ الْهُدَى وَيَنُو الزَّيْنَةَ سَمَّاهُمْ بَنِي الرَّشْدَةِ وَسَمَّى بَنِي مُغْوِيَةَ بَنِي رِشْدَةَ . قَالَ أَبُو دَاوُدَ تَرَكْتُ أَسَانِيدَهَا لِلِإِخْتِصَارِ .

বাংলা

৪৮৭২. আহমদ ইবন সালিহ (রহঃ) সাঈদ ইবন মুসায়্যাব (রহঃ) তার পিতা থেকে, তিনি তার দাদা থেকে বর্ণনা করেন যে, একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জিজ্ঞাসা করেনঃ তোমার নাম কি? তিনি বলেন, হাযান (অর্থাৎ দুঃখ কষ্ট ইত্যাদি)। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তুমি হলে সাহল (অর্থাৎ সহজ বা নরম)। তখন তিনি বলেনঃ সাহল তো পদদলিত ও অপমানিত হয়ে থাকে!

রাবী সাঈদ (রহঃ) বলেনঃ একথা শুনে আমার মনে হয় যে, আমাদের খানদানের উপর বালা-মসীবত অবশ্যই আসবে। (কেননা, আমার দাদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত নাম কবুল করেননি।) ইমাম আবু দাউদ (রহঃ) বলেনঃ নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আস' নাম বদলিয়ে 'আযীয' নাম রাখেন। আবু দাউদ (রহঃ) বলেনঃ সংক্ষেপ করার উদ্দেশ্যে আমি সনদ বর্ণনা করিনি।

English

Sa'id b. Musayyab told that his father said on the authority of his grandfather (Hazn):

The Prophet (ﷺ) asked: What is your name? He replied: Hazn (rugged). He said: You are Sahl (smooth). He said: No, smooth is trodden upon and disgraced. Sa'id said: I then thought that ruggedness would remain among us after it.

AbuDawud said: The Prophet (ﷺ) changed the names al-'As, Aziz, Atalah, Shaytan, al-Hakam, Ghurab, Hubab, and Shihab and called him Hisham. He changed the name Harb (war) and called him Silm (peace). He changed the name al-Munba'ith (one who lies) and called him al-Mudtaji' (one who stands up). He changed the name of a land Afrah (barren) and called it Khadrah (green). He changed the name Shi'b ad-Dalalah (the mountain path of a stray), the name of a mountain path and called it Shi'b al-Huda (mountain path of guidance). He changed the name Banu az-Zinyah (children of fornication) and called them Banu ar-Rushdah (children of those who are on the right path), and changed the name Banu Mughwiyah (children of a woman who allures and goes astray), and called them Banu Rushdah (children of a woman who is on the right path).

AbuDawud said: I omitted the chains of these for the sake of brevity.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাঈদ ইবনু মুসাইয়্যাব (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36978>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন